কীভাবে সংশ্লিষ্ট হবো

- আপনার সন্তান প্রতিদিন শেখার জন্য, প্রস্তুত হয়ে স্কুলে যায় সেবিষয়টি নিশ্চিত করুন।
- আপনার সন্তান প্রতিদিন পড়ছে এবং তার হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট শেষ করছে সে ব্যাপারটি নিশ্চিত করুন।
- সকল প্যারেন্ট-টিচার কনফারেন্সে এবং বার্ষিক ইএলএল প্যারেন্ট সভায় যোগ দিন।
- পাবলিক লাইব্রেরি কার্ড বানাতে আপনার সন্তানকে সহায়তা করুন এবং তাকে নিয়ে মাঝে মাঝে লাইব্রেরিতে যান।
- পিতামাতা কর্মশালা এবং কনফারেন্সসমূহ যা বিশেষভাবে আপনার সন্তানকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে আয়োজিত সেগুলিতে যোগ দিন।
- আপনার সন্তানের স্কুলে পিতামাতা স্বেচ্ছাকর্মী হিশেবে কাজ করুন।
- শিক্ষণ এবং লেখাপড়ার জন্য বাড়িতে একটি সহায়ক পরিবেশ তৈরি করুন|
- আপনার সন্তানের সাথে প্রতিদিন আপনার দেশীয় ভাষায় পড়ুন এবং তাকে প্রতিদিন পড়তে উৎসাহিত করুন।
- স্কুল কর্মকাণ্ডে যেমন মাঠ সফর, অ্যাসেমব্লি, প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন, প্যারেন্ট অ্যাসোসিয়েশন, এবং কম্যুনিটি এডুকেশন কাউন্সিল মিটিংয়ে যোগ দিন।

বাড়তি তথ্যের জন্য:

- আপনার সন্তানের শিক্ষক, প্রিন্সিপ্যাল, বাইলিঙ্গুয়াল কোঅর্ডিনেটর, অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন।
- আপনার স্থানীয় ডিস্ট্রিক্ট অফিসের ঠিকানা জানতে 311 নম্বরে ফোন করুন এবং সেটি পরিদর্শনে যান।
- ডিভিশন অব ইএলএল-এর (212) 323-9559 নম্বরে ফোন অথবা ELLFamilies@schools.nyc.gov. ঠিকানায় ইমেইল করুন।
- ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইট: schools.nyc.gov/academics/ELL.

ইংরেজি ভাষা শিক্ষার্থী

এলিমেন্টারি স্কুল পিতামাতাদের জন্য

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন(ডিওই) আমাদের ইংরেজি ভাষা শিক্ষার্থীদেরকে একটি উচ্চমান -সম্পন্ন শিক্ষা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ যা তাদের সংস্কৃতিকে মূল্য দেয় এবং তাদের জন্য মিডল্ স্কুল, হাই স্কুল, এবং কলেজ ও ভবিষ্যত পেশা জীবনে সাফল্য বয়ে আনে। ডিওই-র ডিভিশন অভ ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স অ্যান্ড স্টুডেন্ট সাপোর্ট ইংরেজি শিক্ষার কর্মসূচিগুলোতে শিক্ষার্থীদের সমান সুযোগ নিশ্চিতকরণে - এবং তাদের সকল ক্লাসে যার অন্তর্ভুক্ত গণিত, বিজ্ঞান, এবং সমাজ পাঠ-এ সাফল্যের জন্য পরিবার, কম্যুনিটি, এবং অন্য অংশীদারদের সাথে কাজ করে। আমাদের লক্ষ্য সিটির ইংরেজি ভাষা শিক্ষার্থীদের বৈশ্বিক সমাজে নেতৃত্ব প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষতা গড়ে তোলা।

Division of English Language Learners & Student Support

NYC Department of Education
Chancellor Carmen Fariña

T&I 23083 (Bengali) Elementary

/nycschools

ইংরেজি ভাষা শিক্ষার্থী বলতে কী বোঝায়?
একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী অথবা ইএলএল এমন একজন শিক্ষার্থী যার দেশীয় ভাষা ইংরেজি নয় এবং ইংরেজি শিক্ষায় তার সহায়তা প্রয়োজন।

কোন স্কুল কীভাবে একজন শিক্ষার্থীকে ইএলএল নির্ধারণ করে?
নতুন ভর্তি সকল শিক্ষার্থীর পিতামাতা এবং অভিভাবককে একটি বাধ্যতামূলক বাড়ির ভাষা শনাক্তকরণের সমীক্ষা পূরণ করতে হবে যা দিয়ে স্কুল কর্তৃপক্ষ বুঝবে আপনার সন্তান বাড়িতে কোন ভাষায় কথা বলে। সমীক্ষায় যদি দেখা যায় আপনার সন্তান ইংরেজি ছাড়া অন্য কোন ভাষা ব্যবহার করে, তাকে নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স দিতে হতে পারে। এই টেস্ট আপনার সন্তানের ইংরেজির জ্ঞান পরিমাপ করে এবং তার কোন সহায়ক কর্মসূচি এবং পরিসেবার চাহিদা আছে কিনা সেটি নির্ধারণ করে। টেস্টে যদি দেখা যায় আপনার সন্তানের ইংরেজি শিক্ষায় সহায়তার প্রয়োজন আছে, তাকে ইংরেজি ভাষা শিক্ষার্থী হিশেবে বিবেচনা করা হবে।

আমার সন্তানের জন্য কী ধরনের কর্মসূচি এবং পরিসেবা রয়েছে?
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য তিনটি কর্মসূচি প্রদান করে: দ্বৈত ভাষা, উত্তরণমূলক দ্বিভাষী শিক্ষা, এবং নতুন ভাষা হিশেবে ইংরেজি।

এই কর্মসূচিগুলির মধ্যে পার্থক্য কী?
দ্বৈত ভাষার কর্মসূচিগুলিতে, শিক্ষার্থীদের দুটি ভাষায় শিক্ষা দেয়া হয়: ইংরেজি এবং তাদের বাড়ির ভাষায়, যেমন অন্যান্য ভাষার মধ্যে স্প্যানিশ, চাইনিজ, অথবা ফ্রেঞ্চ। এই কর্মসূচির লক্ষ্য শিক্ষার্থীদেরকে ইংরেজি এবং তাদের বাড়ির ভাষা-উভয় ভাষায় পড়া, লেখা, এবং কথাবলায় সক্ষম করে তোলা। দ্বৈত ভাষার ক্লাসে, বাড়ির ভাষা এবং ইংরেজি সমানভাবে ব্যবহৃত হয়।

উত্তরণমূলক দ্বিভাষী শিক্ষা কর্মসূচিসমূহে রিডিং, রাইটিং, এবং অন্য ক্লাসগুলো ইংরেজিতে এবং আপনার সন্তানের বাড়ির ভাষায় নেয়া হয়। শিক্ষার্থীরা ইংরেজিতে উন্নতি লাভ করতে করতে তাদের ইংরেজি শেখার সময় বাড়তে থাকে এবং বাড়ির ভাষায় শিক্ষা সময় কমতে থাকে। যখন আপনার সন্তান আর ইংরেজি ভাষার শিক্ষার্থী বিবেচিত হবে না, তখন সে কর্মসূচি ছেড়ে দেবে।

নতুন ভাষা হিশেবে ইংরেজির কর্মসূচিসমূহ, যা আগে দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি বা ইএসএল নামে পরিচিত ছিল, সেটি শিক্ষার্থীদেরকে তাদের বাড়ির ভাষায় সহায়তাসহ ইংরেজিতে শিক্ষা প্রদান করে যাতে তারা ইংরেজিতে পড়তে, লিখতে, এবং কথা বলতে পারে। এই কর্মসূচিতে শিক্ষার্থীরা বিভিন্ন ভাষাভাষীর গোষ্ঠি থেকে আসতে পারে, এবং তাদের মধ্যে ইংরেজিই শুধুমাত্র কমন ভাষা হতে পারে।

এই কর্মসূচিগুলো থেকে কী লাভ হতে পারে?
ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার কর্মসূচি থেকে অনেক লাভ হতে পারে:

- **শিক্ষার্থীরা তাদের বাড়ির ভাষা ব্যবহার করে ইংরেজি শিখতে সক্ষম হয়।**
- **তারা বিভিন্ন সংস্কৃতি বুঝতে শেখে।**
- **যেসব শিক্ষার্থী দুটি বা ততোধিক ভাষা জানে ভবিষ্যত চাকুরিদাতাদের কাছে তাদের মূল্য বাড়ে এবং সহজে তারা চাকরি পেতে পারে।**

আমার সন্তানকে কোন কর্মসূচিতে ভর্তি করবো সেটি কি আমি বেছে নিতে পারি?
হ্যাঁ। ইংরেজি ভাষা শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক হিশেবে, আপনার অধিকার আছে আপনার সন্তানের কর্মসূচিটি বেছে নেবার। সন্তানের জন্য সঠিক কর্মসূচিটি বেছে নিলে, ভর্তির ১০ দিনের মধ্যে তাকে অবশ্যই আপনার পছন্দের কর্মসূচিতে দেয়া হবে।

আমার পছন্দের কর্মসূচিটি যদি স্কুলে না থাকে, সেক্ষেত্রে কী হবে?
আপনার পছন্দের কর্মসূচি আপনার সন্তানের বর্তমান স্কুলে না থাকলে, স্কুল আপনাকে নিচের উল্লিখিত দুটি বিকল্প প্রদান করবে:

বিকল্প ১: আপনি আপনার সন্তানকে তার বর্তমান স্কুলে একটি ভিন্ন ইংলিশ ল্যাঙ্গুয়েজ কর্মসূচিতে দিতে পারেন। এই বিকল্পটি বেছে নিলে, স্কুল অতিসত্বর আপনার সন্তানকে সেই কর্মসূচিতে নেবে।

বিকল্প ২: আপনার পছন্দের কর্মসূচি আছে এমন স্কুলে আপনি আপনার সন্তানকে বদলি করতে পারেন। আপনার বর্তমান স্কুল আপনার সন্তানের বদলির ব্যাপারে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সাথে কাজ করবে। ইতোমধ্যে, আপনার সন্তানকে বদলি সম্পন্ন না হওয়া পর্যন্ত তার বর্তমান স্কুলের অস্থায়ী একটি ইংরেজি শিক্ষার্থী কর্মসূচিতে দেয়া হবে।

কর্মসূচিতে আমার সন্তান কেমন করছে সেটি আমি কীভাবে জানবো?
আপনার সন্তানের স্কুলে প্যারেন্ট-টিচার কনফারেন্স এবং বার্ষিক ইএলএল মিটিং অনুষ্ঠিত হবে সেখানে আপনি জানতে পারবেন আপনার সন্তান কেমন করছে। এছাড়া, প্রত্যেক বসন্তে আপনার সন্তান নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ অ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট দেবে। এই টেস্ট তার ইংরেজি ভাষা শিক্ষার অগ্রগতি পরিমাপ করে। নিউ ইয়র্ক স্টেট স্কুলগুলোর কে-১২ গ্রেডে ভর্তি সকল ইংরেজি ভাষা শিক্ষার্থীদের এই টেস্ট দিতে হয়। এর ফলাফল থেকে শিক্ষার্থী, শিক্ষক, এবং পিতামাতা প্রত্যেক শিক্ষার্থীর শক্তিশালী দিকগুলো এবং কোন সব বিষয়ে তার উন্নতি প্রয়োজন যেমন স্পিকিং, রিডিং, রাইটিং - সেটি বুঝতে পারে। এই টেস্টের ফল দিয়ে আপনার সন্তান পরবর্তী বছরে ইংরেজি ভাষা শিক্ষার্থী হিশেবে থাকবে কিনা সেটিও নির্ধারিত হয় ।

আপনার সন্তানের অগ্রগতির খোঁজ রাখা

MyStudent.nyc ঠিকানায় নতুন এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে রেজিস্টার করে আপনার সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতির তথ্য জানুন। কীভাবে অ্যাকাউন্ট ব্যবহার করতে হবে, সেসম্পর্কিত আরও সহায়তার জন্য, আপনার সন্তানের স্কুলে, আপনার সুপারিনটেনডেন্টের সাথে যোগাযোগ করুন, অথবা **311** নম্বরে ফোন করুন।